বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩৩৪.২১.১৭৫ তারিখ: ২১ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

## দপ্তরাদেশ

জনাব মোঃ হালিম সালেহী, সাবেক নির্বাহী প্রকৌশলী (পুর), পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী বর্তমানে নির্বাহী প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর বিরুদ্ধে পটুয়াখালী পওর বিভাগে কর্মরত থাকাকালীন উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে ঔদ্ধত্যপূর্ণ, অশালীন, আক্রমণাত্মক ও অদাপ্তরিক আচরণ প্রদর্শন সংক্রান্ত অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী শৃংখলা পরিদপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩৩৪.২১-১৯৯ তারিখ ২৩-০৬-২০২২ খ্রিঃ এর মাধ্যমে তার বিরুদ্ধে অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোঃ হালিম সালেহী, নির্বাহী প্রকৌশলী এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৩৪.২৪৯ তারিখঃ ০১-০৮-২০২২ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ হালিম সালেহী, নির্বাহী প্রকৌশলী-কে সতর্ক করতঃ আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ হালিম সালেহী, নির্বাহী প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা-কে সতর্ক করতঃ আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

০৪/০৪/২০২৪
মোঃ নোমান ফরিদ
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩৩৪.২১.১৭৫(৮) তারিখ: ২১ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১. প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পটুয়াখালী।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী।
৭. জনাব মোঃ হালিম সালেহী, নির্বাহী প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

০৪/০৪/২৪
শেখ মোঃ আবদুল খালেদ
উপ-পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৭১১২১৬০০১

E:\Quddus\OO. Realese.docx55